

স্নাতকোত্তর অন্ত্য-সেমিস্টার পরীক্ষা, ২০২৫

(প্রথম বর্ষ, দ্বিতীয় সেমিস্টার)

বাংলা বিভাগ

কোর্স : পি জি ২.৫৫বি

বিষয় : নবচেতনা ও রবীন্দ্রনাথ

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও। প্রশ্নগুলি সমমানের।

১। নারী-পুরুষের সম্পর্ক বিচারের ক্ষেত্রে পণ্ডিতা রমাবাইয়ের বক্তব্যকে রবীন্দ্রনাথ কতটা গ্রহণযোগ্য বলে বিবেচনা করেছেন? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও।

অথবা

২। ‘হিন্দুবিবাহ’-এর আধ্যাত্মিকতা সংক্রান্ত চন্দ্রনাথ বসুর নারীবিষয়ক ধারণাকে রবীন্দ্রনাথ কীভাবে সমালোচনা করেছেন? যুক্তিসহ আলোচনা করে তোমার মতামত জানাও।

৩। ‘তোতাকাহিনি’ শিশুশিক্ষা বিষয়ে রবীন্দ্রনাথের একটি নির্দিষ্ট অবস্থানকে চিনিয়ে দেয়। মন্তব্যটি বিচার করে রবীন্দ্রনাথের এই অবস্থান বিষয়ে তোমার ভাবনা জানাও।

৪। “আমি মানুষকে স্বতন্ত্র মানুষভাবে দেখিনি — যেমন নানা দেশ দিয়ে নদী চলেছে, মানুষের স্রোতও তেমনি কলরব-সহকারে গাছপালা গ্রাম নগরের মধ্যে দিয়ে এঁকে বেঁকে চিরকাল ধরে চলেছে — এ আর ফুরোয় না।”— বিশ্বজগতের সঙ্গে মানুষের ঐক্য ও সংযোগের সূত্রটি রবীন্দ্রনাথের চিঠিপত্র ও প্রবন্ধের মধ্যে কীভাবে ব্যক্ত হয়েছে আলোচনা করো।

অথবা

৫। রবীন্দ্রনাথ ঠাকুরের কবিতা ও গানের মধ্যে তাঁর পরিবেশ ভাবনার প্রকাশ কীভাবে ঘটেছে উদাহরণসহ বিশ্লেষণ করো।

৬। ‘বিশ্বপরিচয়’ বইয়ের উপসংহারে পৃথিবী নামক গ্রহটির সামগ্রিক ইতিহাসের একটি বিশেষ ঘটনাকে রবীন্দ্রনাথ “জগতের সকলের চেয়ে মহাশর্চ্য বার্তা” বলে চিহ্নিত করেছিলেন। সেই ‘ঘটনা’ রবীন্দ্রনাথের অস্তিত্ববোধকে কীভাবে প্রভাবিত করেছিল তা নিজের ভাষায় বুঝিয়ে লেখো।

অথবা

৭। জীবনের অন্ত্যভাগে জ্যোতির্বিজ্ঞান বিষয়ক পড়াশোনা রবীন্দ্রনাথকে কি খানিক সংশয়বোধের দিকে ঠেলে দিচ্ছিল বলে তুমি মনে করো? ‘নবজাতক’ কাব্যগ্রন্থের ‘প্রশ্ন’ এবং ‘কেন’ কবিতাদুটিকে সামনে রেখে তোমার মতামত যুক্তিসহ বুঝিয়ে লেখো

★ ★ ★